

## কৃষি সমূহ

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-১ অধিশাখা

[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)



নম্বর-১২.০০.০০০০.০২৭.০৬.০০১.১৯.৩৪০

তারিখ:

০২ অগ্রহায়ণ ১৪২৮

১৭ নভেম্বর ২০২১

## পরিপত্র

বিষয় : আউশ/ আমন/ বোরো মৌসুমে কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যায্য মূল্য নিশ্চিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আউশ/ আমন/ বোরো মৌসুমে “সরকারী ও বেসরকারী পাম্প অপারেটরদের দায়বদ্ধতা নিশ্চিতকরণপূর্বক কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যায্য মূল্য নিশ্চিতকরণের” সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্টদের নিয়ন্ত্রণে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করতে হবে:

- (১) বিএডিসি/বিএমডিএ/উপজেলা সেচ কমিটি কর্তৃক বিধি মোতাবেক সেচের পানির মূল্য নির্ধারণ;
- (২) পাম্প হাউজে সেচের পানি সরবরাহের বিষয়ে রেজিস্ট্রার সংরক্ষণ;
- (৩) রেজিস্ট্রারে সুবিধাভোগী কৃষকের তালিকা, সরবরাহকৃত পানির পরিমাণ ও গৃহীত মূল্য সম্পর্কে তথ্য সংরক্ষণ; এবং
- (৪) কৃষকগণ নির্ধারিত মূল্যে পানি পাচ্ছে কিনা তা বিএডিসি/বিএমডিএ এবং উপজেলা সেচ কমিটির প্রতিনিধিদের মাধ্যমে নিয়মিত পরিবীক্ষণ এবং মন্ত্রণালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(তাসনিম জেবিন বিমল শেখ)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন: ৯৫৪৫৭৯৬  
 ই-মেইল: [input1@moa.gov.bd](mailto:input1@moa.gov.bd)

### **বিতরণ (কোর্যার্থে/জ্ঞাতার্থে) (জ্যোষ্ঠভার ক্রমানুসারে নম্ব) :**

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, মতিবিল, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সেচ কমিটি, জেলা .....
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা সেচ কমিটি, উপজেলা ....., জেলা
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য, উপজেলা সেচ কমিটি, উপজেলা ....., জেলা
- ০৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি, উপজেলা ....., জেলা

### **অনুলিপি (জ্ঞাতার্থে) (জ্যোষ্ঠভার ক্রমানুসারে নম্ব) :**

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।